দৈনিক খবর

তারিখ 08 DEC 1988
পৃষ্ঠা ১ কলাম ১

33

# ইসলামী ভার্সিটি স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে মিছিল

ইসলামী বিশ্ববিদ্যালয় (গাজীপুর), ৭ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুরের বর্তমান স্থান থেকে কুষ্টিয়ায় স্থানান্তরের সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটি ও স্থানীয় সর্বস্তরের জনগণ আজ টঙ্গীতে একটি মিছিল বের করে। টঙ্গী সরকারী কলেজ থেকে শুরু হয়ে চেরাগ আলী, বাসস্ট্যান্ড, মেইল গেইট, স্টেশন রোড হয়ে টঙ্গী

## ইসলামী

প্রথম পৃষ্ঠার পর

বাজারের গিয়ে মিছিলটি শেষ হয়।

মিছিল শেষে সেখানে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। শাহজাহান আলম (সাজু)র সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বক্তব্য রাখেন আশরাফুর রহমান, আসাদ সিদ্দিকী, সহিদুল ইসলাম, এম এ আউয়াল, জাকির হোসাইন, সাঈদ, রেজা প্রমুখ। সমাবেশে বক্তারা অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।

সভায় আগামী ১০ই ডিসেম্বর গাজীপুরে মিছিল সহকারে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ এবং সমাবেশ ও ১৪ই ডিসেম্বর বোর্ড বাজারে সমাবেশের কর্মসূচী ঘোষণা করা হয়।

গতকাল বুধবার ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দ বাংলাদেশ আওয়ামী লীগ টঙ্গী থানা শাখা ও তার সহযোগি সংগঠনের সাথে মত বিনিময় করেন। আওয়ামী লীগ নেতৃবৃন্দ স্থানান্তর প্রতিরোধ কমিটির বিশ্ববিদ্যালয় স্থানান্তরের বিরুদ্ধে গৃহীত সকল কর্মসূচীর প্রতি একাত্মতা ঘোষণা করেন এবং সব ধরনের সহযোগীতা প্রদানের আশ্বাস দেন। এ সময় আওয়ামী লীগ নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ডাঃ এম এ রশীদ, এডভোকেট আজমত উল্লাহ খান, আঃ মান্নান এবং বিশ্ববিদ্যালয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শাহজাহান আলম (সাজু), কাইউম খান, কাইসার, হাফিজুর রহমান, সহিদ।



ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে টঙ্গীতে গতকাল সর্বস্তরের মানুষ মিছিল করে — খবর